# জাতিসংঘ কার্যালয় ঢাকায়,সার্বভৌমত্ব নিয়ে উদ্বেগ জমিয়তের




সংগৃহীত ছবি

জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনারের কার্যালয় (OHCHR) ঢাকায় অফিস স্থাপনের সিদ্ধান্তকে দেশের সার্বভৌমত্বের জন্য হুমকি হিসেবে আখ্যা দিয়েছে জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ। সংগঠনটি বলছে, আন্তর্জাতিক সংস্থার এমন পদক্ষেপ দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের ইঙ্গিত বহন করে।

জমিয়তের দাবি, মানবাধিকার রক্ষার নামে অনেক সময় আন্তর্জাতিক শক্তিগুলো রাজনৈতিক উদ্দেশ্য বাস্তবায়নের চেষ্টা করে, যা বাংলাদেশের স্বাধীনতা ও নীতিনির্ধারণ প্রক্রিয়ার ওপর চাপ সৃষ্টি করতে পারে। তারা আশঙ্কা প্রকাশ করেছে, এই কার্যালয় ভবিষ্যতে দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক পরিস্থিতিকে প্রভাবিত করতে ব্যবহার হতে পারে।

সংগঠনটি সরকারের প্রতি আহ্বান জানিয়েছে—জাতীয় স্বার্থ ও সার্বভৌমত্ব রক্ষায় বিষয়টি গুরুত্বের সঙ্গে পুনর্বিবেচনা করা হোক। একইসঙ্গে দেশবাসীকে সজাগ থেকে বিদেশি হস্তক্ষেপ প্রতিরোধে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানানো হয়েছে।

LENS ASIA